

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

বাণিজ্যিক অডিট শাখা

www.fid.gov.bd

জরুরি

সীমিত

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২২১.০১.০০১.১৮.১১২

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০

২৭ জুলাই ২০২৩

বিষয়: সভার নোটিশ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মীনাফী বর্মন এর সভাপতিত্বে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তিকল্পে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবেঃ

ক্রঃ নং	সভা নম্বর	প্রতিষ্ঠানের নাম	সভার স্থান ও বিষয়	তারিখ ও সময়
(১)	০৩/২০২৩	জনতা ব্যাংক লিঃ বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম ও বিভাগীয় কার্যালয় নোয়াখালী এর আওতাধীন শাখাসমূহ।	জনতা ব্যাংক লিঃ বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।	২৪-০৮-২০২৩ সকাল ১০.০০ টা

০২। ত্রি-পক্ষীয় সভায় সরকারের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

০৩। সভার নির্ধারিত তারিখের ৭ (সাত) দিন পূর্বে কার্যপত্র ব্রডশীট প্রতিবেদন আকারে আপত্তির বিবরণ, প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক ও প্রয়োজ্য ক্ষেত্রে আদায়ের হিসাব বিবরণী, ভাউচারের সত্যায়িত ফটোকপিসহ সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে এবং এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সভায় সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় রেকর্ডপত্রসহ যথাসময়ে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। বিভাগীয় প্রধানের উদ্যোগে একটি প্রস্তুতিমূলক সভা করে সঠিক তথ্য-উপাত্তসহ কার্যপত্র প্রস্তুত করার জন্য বিশেষভাবে পরামর্শ দেয়া হলো।

০৫। পূর্বে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার আলোচিত আপত্তির সংখ্যা, সুপারিশকৃত আপত্তির সংখ্যা এবং জারি পত্রের সংখ্যাসহ সভায় উপস্থাপন করতে হবে।

০৬। ত্রি-পক্ষীয় সভার উপর একটি প্রতিবেদন সচিব মহোদয় সমীপে প্রদান করতে হবে।

০৭। ত্রি-পক্ষীয় সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠানের পর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য জনতা ব্যাংক লিঃ-কে অনুরোধ করা হলো।

০৮। ত্রি-পক্ষীয় সভায় যোগদানকারী কর্মকর্তা তথ্য অধিকার আইন-২০০৯ এবং তৎসংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে আলোচনা করবেন।

০৯। অনিবার্য কারণ ছাড়া কর্মসূচির পরিবর্তন করা হবে না।

১৯-৯-২০২৩

মোঃ আবুল কাসেম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১১৫৭

ফ্যাক্স: ৯৫১৩৫০০

ইমেইল: audit@fid.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট
কমপ্লেক্স (৮ম ও ৯ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।

২) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও), জনতা ব্যাংক লিঃ,
প্রধান কার্যালয়, ঢাকা (ক্রমিক নং-৩ এর নির্দেশনা
অনুসারে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট অফিসে প্রেরণ ও
উপযুক্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় প্রস্তুতিসহ সভায় উপস্থিত
থাকার নির্দেশনা প্রদানের অনুরোধসহ

৩) জনাব মীনাক্ষী বর্মন, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান
বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৪) উপ-পরিচালক (সেক্টর-৫), বাণিজ্যিক অডিট অধিদপ্তর,
আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।

৫) জনাব মোঃ খালেদ বিন কাশেম, প্রশাসনিক কর্মকর্তা,
বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-কে
সভায় উপস্থিত থেকে সভার কাজে সহযোগিতা করার
জন্য অনুরোধ করা হলো।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২২১.০১.০০১.১৮.১১২/১

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০
২৭ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম (সার্কিট হাউজে থাকার উপযুক্ত ২টি কক্ষ সভার
নির্ধারিত তারিখের আগের দিন থেকে বরাদ্দ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) হিসাব রক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৫) যুগ্মসচিব (অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয়
অবগতির জন্য)।
- ৬) অফিস কপি।



১৯-৯-২০২৩

মোঃ আবুল কাসেম
সিনিয়র সহকারী সচিব